# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

সচিবালয়
পানি ভবন (লেভেল-৭),
৭২,গ্রীণ রোড, ঢাকা-১২০৫

ফোনঃ ০২২২২২৩০০৫৩
ই-মেইলঃ bwdbsecretary@gmail.com
ওয়েবসাইটঃ www.bwdb.gov.bd

Phone: 02222230053
e-mail:bwdbsecretary@gmail.com
website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২০-১৪২

তারিখ: ২৯ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
১২ এপ্রিল, ২০২১ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

বিষয়ঃ করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/ চলাচলে বিধি-নিষেধ আরোপ করা প্রসঙ্গে।

সূত্রঃ (১)মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং:০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০-১২০; তারিখঃ ১২ এপ্রিল, ২০২১ খ্রিঃ।
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০-১১১; তারিখঃ ০৪.০৪.২০২১ খ্রিঃ।
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০-১১৬; তারিখঃ ০৮.০৪.২০২১ খ্রিঃ।
(৪) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০-১১৮; তারিখঃ ১১.০৪.২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও স্মারকসূত্রের বরাতে অবহিত করা যাচ্ছে যে, করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি অবনতির কারণে সরকার কর্তৃক বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে আগামী ১৪ এপ্রিল, ২০২১ খ্রিঃ ভোর: ৬.০০ হতে ২১ এপ্রিল, ২০২১ খ্রিঃ মধ্যরাত পর্যন্ত স্মারক নং-(১) এ বিধৃত ১৩ দফা নির্দেশনা প্রদানের মাধ্যমে বিধি নিষেধ আরোপ করা হয়েছে (কপি সংযুক্ত)।

মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০-১২০; তারিখঃ ১২ এপ্রিল, ২০২১ খ্রিঃ এর মাধ্যমে আরোপিত বিধি-নিষেধ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট সকলকে প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এ আদেশ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

১২/০৪/২০২১

মোঃ মুজিবুর রহমান
সচিব
বাপাউবো, ঢাকা।
সেল# ০১৭১৪৪০০৫৩৭

সংযোজনঃ বর্ণনামতে।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে প্রেরণ করা হলোঃ-

১। সকল দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২। সি.এস. ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
৪-৮। ব্যক্তিগত সহকারী অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ অর্থ/ পূর্ব রিজিয়ন/ পশ্চিম রিজিয়ন/ পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭ / ১২ এপ্রিল ২০২১

**বিষয়: করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১, তারিখ: ০৪.০৪.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১৬, তারিখ: ০৮.০৪.২০২১
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১৮, তারিখ: ১১.০৪.২০২১

করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি অবনতির কারণে বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে **আগামী ১৪ এপ্রিল ২০২১ ভোর ৬:০০ হতে ২১ এপ্রিল ২০২১ মধ্যরাত পর্যন্ত** নিম্নরূপ বিধি-নিষেধ আরোপ করা হলো:

(ক) সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকবে ও সকল কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন। তবে, বিমান, সমুদ্র, নৌ ও স্থলবন্দর এবং তৎসংশ্লিষ্ট অফিসসমূহ এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(খ) বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের জন্য প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

(গ) সকল প্রকার পরিবহন (সড়ক, নৌ, রেল, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ফ্লাইট) বন্ধ থাকবে। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা ও জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না;

(ঘ) শিল্প-কারখানাসমূহ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় চালু থাকবে। তবে, শ্রমিকদের স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় আনা-নেওয়া নিশ্চিত করতে হবে;

(ঙ) আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-কৃষি উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহণ, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(চ) অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। তবে টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;

(ছ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁয় দুপুর ১২:০০টা থেকে সন্ধ্যা ৭:০০টা এবং রাত ১২:০০টা থেকে ভোর ০৬:০০টা পর্যন্ত কেবল খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করা যাবে। শপিংমলসহ অন্যান্য দোকানসমূহ বন্ধ থাকবে;

(জ) কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

(ঝ) বোরো ধান কাটার জরুরি প্রয়োজনে কৃষি শ্রমিক পরিবহনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসন সমন্বয় করবে;

(ঞ) সারাদেশে জেলা ও মাঠ প্রশাসন উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিত টহল জোরদার করবে;

(ট) স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক তাঁর পক্ষে জেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করবেন;

(ঠ) স্বাস্থ্যবিধি অনুসরণ করে জুম্মা ও তারাবী নামাজের জমায়েত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা জারি করবে; এবং

(ড) উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনে সম্পূরক নির্দেশনা জারি করতে পারবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.০৪.২০২১

(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২। বিভাগীয় কমিশনার (সকল)
৩। জেলা প্রশাসক (সকল)
৪। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ
৫। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)